

দুজনে দেখা হল	মধুযামিনী রে—
কেন কথা कहिल না,	চলিয়া গেল ধীরে ॥
নিকুঞ্জে দখিনাবায়	করিছে হায়-হায়,
লতাপাতা দুলে দুলে	ডাকিছে ফিরে ফিরে ॥
দুজনের আঁখিবারি	গোপনে গেল বয়ে,
দুজনের প্রাণের কথা	প্রাণেতে গেল রয়ে ।
আর তো হল না দেখা,	জগতে দোঁহে একা—
চিরদিন ছাড়াছাড়ি	যমুনাতীরে ॥

Parjaay: Prem O Prakriti, Taal: Dadra, Style: Behaag Khambaj-Kirtan
 Visit www.geetabitan.com for notation and other detail